**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2019**

**FIRST YEAR (BATCH 2019-22)**

Date : 11/12/2019 **BENGALI (Honours)**

Time : 11am - 1pm **Paper : I (CC1)** Full Marks : 50

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১০)

ক) ‘এক-একটি ভাষা অবলম্বন করিয়া এক-একটি স্বতন্ত্র জাতি, সকলেই বৃহত্তর বৃত্ত-স্বরূপ ভারতবর্ষের অন্তর্গত, সকলেরই প্রাদেশিক বা প্রান্তিক সত্তা বা সভ্যতা প্রাচীন ভারতের সার্বভৌম ভারতীয় সত্তা বা সভ্যতার উপরে প্রতিষ্ঠিত।’ — প্রাচীন ভারতের সার্বভৌম ভারতীয় সত্তা বাঙালি জাতির মধ্যে কীভাবে প্রতিফলিত হয়েছে — সে বিষয়ে আলোচনা করো।

খ) ‘বাঙালী ভাব প্রবণ জাতি, ইহা সত্য বটে — কিন্তু এই ভাব প্রবণতাই তাহার পূর্ণ পরিচয় নহে।’ — উদ্ধৃতিটি অবলম্বনে বাঙালি জাতির বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করো।

২। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১০)

ক) মধ্যযুগের বাংলা সাহিত্যের আদি নিদর্শনের আবিষ্কার ও নামকরণ সম্পর্কে লেখো। এই নিদর্শনটির মধ্যে লোকায়ত জীবনের যে চালচিত্র পাওয়া যায় তার পরিচয় দাও। (১+১+৮)

খ) প্রাক্ বাংলা যুগের প্রাকৃত ও অপভ্রংশ সাহিত্য বিষয়ে আলোচনা করে বাংলা সাহিত্যের ইতিহাসে এগুলির গুরুত্ব আলোচনা করো। (৭+৩)

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১০)

ক) মধ্যযুগে অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণগুলি নির্দেশ করো। মালাধর বসুর ভাগবত অনুবাদের গুরুত্ব ও কৃতিত্ব সম্পর্কে লেখো। (৪+৬)

খ) মঙ্গলকাব্য রচিত হওয়ার প্রেক্ষাপট এবং ‘মঙ্গল’-এরূপ নামকরণের কারণ সম্পর্কে আলোচনা করো। (৪+৬)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১০)

ক) নীচের অশুদ্ধ বানানগুলিকে শুদ্ধ করো এবং প্রতিটি ক্ষেত্রে অশুদ্ধির কারণ লেখো। (০.৫+২)×৪

i) পূর্বাহ্ন

ii) আনুসঙ্গিক

iii) ষ্টেশন

iv) ঊষা

খ) নীচের অশুদ্ধ বাক্যগুলিকে শুদ্ধ করো এবং প্রতিটি ক্ষেত্রে অশুদ্ধির কারণ বুঝিয়ে বলো। (১+৪)×২

i) আমাদের গোয়ালের গোরুরা আকাশে উড়তে পারে।

ii) আমি আরোগ্য হয়েছি।

৫। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১০)

ক) বাংলা মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী? বাংলা মৌলিক স্বরধ্বনিগুলির শ্রেণিকরণ বিষয়ে আলোচনা করো। (২+৮)

খ) উদাহরণ সহ স্বনিমের সংজ্ঞা লেখো। স্বনিমের ইতিমূলক বিশ্লেষণে যে যে সতর্কতা সূত্র অবলম্বন করা জরুরি সেগুলি সম্পর্কে আলোচনা করো। (৩+৭)

——————— × ———————